since 1993

# দিশাবার্তা

ত্রৈমাসিক মুখপত্র

১১তম বর্ষ, সংখ্যা ৫৩, এপ্রিল - জুন ২০২৫

## সম্পাদকীয়

প্রিয় পাঠক,
ডেভেলাপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশাল এডভান্সমেন্ট (দিশা) একটি বেসরকারী উন্নয়ন সংস্থা ১৯৯৩ ইং সালে প্রতিষ্ঠার পর থেকে বর্তমানে দেশের ২৪টি জেলায় ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচিসহ বিভিন্ন উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। এর মধ্যে, আলোঘর লাইব্রেরী ও তথ্যকেন্দ্র এবং আলোঘর প্রকাশনা অন্যতম একটি কর্মসূচি। যার উদ্দেশ্য সমাজের ভবিষ্যৎ প্রজন্মকে বইপড়ায় উৎসাহিত করা এবং তার সুযোগ করে দেয়ার মাধ্যমে জ্ঞানের আলোয় আলোকিত করা। বিশেষ করে স্কুল ও কলেজগামী শিক্ষার্থীরা এ কর্মসূচির অন্যতম টার্গেট গ্রুপ। এ উদ্দেশ্যে দিশা বর্ধিত পল্লবী, মিরপুর-১১.৫, ঢাকা এবং চান্দিনা উপজেলা সদর, কুমিল্লায় দুটি গণপাঠাগার পরিচালনা করছে। তাছাড়া দিশার সাতটি জোনের (ঢাকা, খুলনা, রাজশাহী, ময়মনসিংহ, রংপুর, বরিশাল, কুমিল্লা) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে "প্রতিদিন বইমেলা প্রতিজনে একটি বই" এই শ্লোগানে ২০১৭ জুন ২০২৫ পর্যন্ত মোট ২,০৩২টি ভ্রাম্যমাণ বইমেলার আয়োজন করা হয়েছে। বর্তমানে বিশ্বে শিক্ষার্থী তথা পাঠকদের বই পড়ার প্রবণতা অনেকাংশে হ্রাস পেয়েছে বলে মনে করছি। বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে শিক্ষার্থী ও অন্যান্য পাঠকরা অনেকটা সময় ব্যয় করছে। যার ফলাফলও খুব একটা সুখকর নয়। আমরা চাই শিক্ষার্থী ও অন্যান্য পাঠকরা আবার বই পড়ার মাধ্যমে নিজেদেরকে সমৃদ্ধ করুক, নিজেদের ক্যারিয়ারকে সমৃদ্ধ করুক এবং সর্বোপোরি সমাজ গঠনে অবদান রাখতে সক্ষম হোক।

## পিপিআরসি'র নির্বাহী চেয়ারম্যান, প্রখ্যাত অর্থনীতিবিদ ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান কর্তৃক দিশা'র বিভিন্ন প্রকল্প পরিদর্শন



ড. হোসেন জিল্লুর রহমান, নির্বাহী চেয়ারম্যান, পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি) দিশা পরিচালিত আলোঘর (জ্ঞান ও তথ্যকেন্দ্র) পরিদর্শন করেন। পরিদর্শনকালে উপস্থিত ছিলেন দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ এবং দিশা'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

২৩ এপ্রিল ২০২৫; পিপিআরসি'র (পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার) নির্বাহী চেয়ারম্যান ও প্রখ্যাত অর্থনীতিবিদ, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান, ট্রাস্টি বোর্ডের সদস্য জনাব মেজর জেনারেল (অব.) এবং সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা জনাব গোলাম কাদের; ডা. তাহমিনা বানু এবং ব্র্যাক ইউনির্ভাসিটি'র অধ্যাপক জনাব সৈয়দ হাসমিত দিশা প্রধান কার্যালয়, দিশা পরিচালিত পল্লবী আলোঘর (জ্ঞান ও তথ্যকেন্দ্র), দিশা ইনস্টিটিউট অব সাইন্স এ্যান্ড টেকনোলজি (ডিআইএসটি), দিশা ট্রেনিং সেন্টার (ডিটিসি) ও মাতৃভূমি ফ্যাশন পরিদর্শন করেন। এ সময় উপস্থিত ছিলেন দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ, জনাব ছালীমা

## ভিতরের পাতায়

পিপিআরসি'র নির্বাহী চেয়ারম্যান, প্রখ্যাত অর্থনীতিবিদ ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান কর্তৃক দিশা'র বিভিন্ন প্রকল্প পরিদর্শন- পৃ: ০২

এসেট প্রকল্পের প্রকল্প পরিচালক কর্তৃক ডিআইএসটি'র প্রশিক্ষণ ল্যাব পরিদর্শন-পৃ: ০৩

দিশা'র প্রধান নির্বাহী কর্তৃক শাখা পরিদর্শন -পৃ: ০৪

সমাজসেবা অধিদফতরাধীন খুলনা ছোটমনি নিবাস এবং জেলা কারাগারে পোশাক বিতরণ-পৃ: ০৫

১৯৬তম কার্যনির্বাহী পরিষদ সভা অনুষ্ঠিত, মাতৃভূমি ডেইরি ফুডস্ লিমিটেড (এমডিএফএল) এর ৪৮তম বোর্ড সভা অনুষ্ঠিত- পৃ: ৬

গৌরীপুর শাখার প্রতিবেদন- পৃ: ০৭

ক্ষুদ্রঋণ- পৃ: ০৮

শাখা পর্যায়ের কর্মকর্তাদের ওয়াটার ক্রেডিট কার্যক্রম বিষয়ক প্রশিক্ষণ- পৃ: ৯

সমাজকল্যাণমূলক কার্যক্রমে সম্পৃক্ত সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন" শীর্ষক প্রশিক্ষণে দিশা'র কর্মকর্তার অংশগ্রহণ- পৃ: ১০

চিকিৎসা সহায়তা; দিশা'য় সফল ক্যারিয়ার- পৃ:১১

"আলোঘর শিক্ষা সংস্কৃতি অনির্বাণ" অনুষ্ঠান-পৃ: ১২

আলোঘর প্রকাশনার জোন ভিত্তিক স্কুল-কলেজ এ আয়োজিত ভ্রাম্যমান বইমেলা- পৃ: ১৩

এমআরএ-এমএফআই উচ্চশিক্ষা বৃত্তি প্রদান -পৃ: ১৪

দিশা প্রশিক্ষণ কেন্দ্র (ডিটিসি) -পৃ: ১৫- ১৬

আলোঘর প্রকাশনা'র নতুন বইসমূহ-পৃ: ১৭

মাতৃভূমি মিষ্টি-পৃ: ১৮

দিশা ইনস্টিটিউট অব সাইন্স এ্যান্ড টেকনোলজি (ডিআইএসটি) -পৃ: ১৯

নাজনীন বীথি, উপদেষ্টা; জনাব মো. ফরহাদ হোসেন, পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন); জনাব রুহুল বারী, সিনিয়র কো-অর্ডিনেটর (অর্থ ও হিসাব); জনাব রইসউদ্দিন আহমেদ, সিনিয়র কো-অর্ডিনেটর (প্রশাসন); জনাব এজিএম বদরুজ্জামান, পরামর্শক (প্রশাসন); জনাব গৌতম বিশ্বাস, সিনিয়র কো-অর্ডিনেটর (প্রশিক্ষণ ও কর্মসূচি উন্নয়ন); জনাব মো. হামিদুল হক (উপাধ্যক্ষ) ডিআইএসটি; জনাব মো. রাকিবুল হাসান, (ব্যবস্থাপক, আলোঘর); জনাব সঞ্জয় কুমার দে, ব্যবস্থাপক (ট্রেনিং) ডিআইএসটি, এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

দিশা প্রধান কার্যালয়ে একটি ব্রিফিং এরপর পিপিআরসি'র নির্বাহী চেয়ারম্যান জনাব ড. হোসেন জিল্লুর রহমান ও ট্রাস্টি বোর্ডের সম্মানিত সদস্যবৃন্দ আলোঘর লাইব্রেরি পরিদর্শন করেন এবং পাঠকদের সাথে মতবিনিময় করেন। পাঠকদের মন্তব্য এবং অনুভূতি শুনে তারা অত্যন্ত মুগ্ধ হন এবং এ ধরনের উদ্যোগের প্রশংসা করেন। এরপর পিপিআরসি'র ট্রাস্টি বোর্ডের সদস্যবৃন্দ মিরপুর-১২, ঢাকায় দিশা ইনস্টিটিউট অব সাইন্স এ্যান্ড টেকনোলজি (ডিআইএসটি) এর সকল ল্যাব পরিদর্শন করেন এবং যুব প্রশিক্ষার্থীদের সাথে একটি মতবিনিময় অধিবেশনে অংশগ্রহণ করেন। পরিদর্শনকারী দল বাংলাদেশের তরুণ প্রজন্মের উন্নয়নের জন্য দিশা কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের প্রশংসা করেন। ড. হোসেন জিল্লুর রহমান ও ট্রাস্টি বোর্ডের সদস্যরা, মাতৃভূমি ফ্যাশন ও দিশা ট্রেনিং সেন্টার (ডিটিসি) পরিদর্শন করেন। এ ধরনের সময়োপযোগী এবং কার্যকর উদ্যোগ গ্রহণ এবং বাস্তবায়নের জন্য দিশা'র প্রধান নির্বাহী ও ব্যবস্থাপনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান।



ডিআইএসটি'র প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে প্রেষণামূলক বক্তব্য প্রদান করেন ড. হোসেন জিল্লুর রহমান, নির্বাহী চেয়ারম্যান, পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি); এ সময় অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ।



ডিআইএসটি'র কারিগরি প্রশিক্ষণ ল্যাব পরিদর্শনকালে প্রশিক্ষণার্থীদের সাথে কথা বলছেন ড. হোসেন জিল্লুর রহমান, এ সময় সাথে ছিলেন দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ।




আলোঘর লাইব্রেরির সামনে অন্যান্য অতিথিদের সাথে ড. হোসেন জিল্লুর রহমান (সর্ব ডানে) এবং দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী মো. সহিদ উল্লাহ (বাম থেকে দ্বিতীয়) ও দিশা'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

*-নিজস্ব প্রতিবেদক।*

## এসেট প্রকল্পের প্রকল্প পরিচালক কর্তৃক ডিআইএসটি'র প্রশিক্ষণ ল্যাব পরিদর্শন

১৮ এপ্রিল ২০২৫; বাংলাদেশ সরকারের কারিগরি শিক্ষা অধিদপ্তরের এসেট প্রকল্পের প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মীর জাহিদ হাসান মোটরসাইকেল সার্ভিসিং ট্রেডের ওরিয়েন্টেশন ক্লাস পরিদর্শন করেন। এরপর তিনি ডিআইএসটির বিভিন্ন ল্যাব পরিদর্শন করেন। উল্লেখ্য যে, উক্ত ট্রেডের ২০ জন প্রশিক্ষণার্থীর আরপিএল এ্যাসেসমেন্ট ১৯.০৪.২০২৫ সম্পন্ন হয়।



ডিআইএসটি'র প্রশিক্ষণ ল্যাব পরিদর্শন করেন জনাব মীর জাহিদ হাসান, প্রজেক্ট ডিরেক্টর (অতিরিক্ত সচিব), এসেট প্রজেক্ট; পরিদর্শনকালে উপস্থিত ছিলেন দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ এবং ডিআইএসটি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

## ডিআইএসটি'র মোটরসাইকেল ট্রেডের প্রশিক্ষণার্থীদের আরপিএল অ্যাসেসমেন্ট সম্পন্ন

১৭ মে ২০২৫; ডিআইএসটি'র মোটরসাইকেল ট্রেডের মোট ২২ জন প্রার্থীর আরপিএল অ্যাসেসমেন্ট ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট অথরিটি (এনএসডিএ) এর অধীনে অনুষ্ঠিত হয়। এ সময় অ্যাসেসমেন্ট কার্যক্রম পর্যবেক্ষণের জন্য এনএসডিএ থেকে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ মাহফুজুর রহমান, পরিচালক (ফিন্যান্স)। আরপিএল অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনা করেন অ্যাসেসর জনাব মো. ফারুক হোসেন এবং জনাব আসিফ মাহমুদ।

উল্লেখ্য, ১৬ মে ২০২৫; ওরিয়েন্টেশন ক্লাশ পরিদর্শনের জন্য জনাব সামসুর রহমান খান, অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং ASSET Project এর উপ-প্রকল্প পরিচালক, জনাব মো. সবুজ আলম, কারিগরি শিক্ষা অধিদপ্তর থেকে উপস্থিত ছিলেন।

*প্রতিবেদক: মো. আব্দুল কাইয়ুম, প্রশাসনিক কর্মকর্তা, ডিআইএসটি।*



ওরিয়েন্টেশন ক্লাশ পরিদর্শন করছেন জনাব সামসুর রহমান খান, অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং ASSET Project এর উপ-প্রকল্প পরিচালক, জনাব মো. সবুজ আলম, কারিগরি শিক্ষা অধিদপ্তর।

## দিশা'র প্রধান নির্বাহী কর্তৃক শাখা পরিদর্শন

**দিশা'র** প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ, গত ১৫.০৪.২০২৫ পল্লবী (২৮), ১৬.০৪.২০২৫ বারৈচা (৪২) ০৫.০৫.২৫ তারিখে সিদ্ধিরগঞ্জ (১০২), ০৭.০৫.২৫ তারিখে ভালুকা (৪৯) ও সীডস্টোর (৯২), ১৩.০৫.২৫ তারিখে সরাইল (৩৬), ১৫.০৫.২৫ তারিখে সোনারগাঁও (২০) এবং ১৮.০৫.২৫ তারিখে ভূলতা (২৬) ০১.০৬.২৫ তারিখে ভবেরচর (৩১) ও কাঁচপুর (২৫), ১৯.০৬.২০২৫ তারিখে লাকসাম (১৩) ও হেসোখাল (২৯) শাখা পরিদর্শন করেন। প্রধান নির্বাহী মহোদয়ের সাথে ছিলেন জনাব রইসউদ্দিন আহমেদ, উর্ধ্বতন সমন্বয়কারী (প্রশাসন); জনাব মো. মনির হোসেন, সমন্বয়কারী (প্রশাসন); জনাব মিজানুর রহমান, সিনিয়র ব্যবস্থাপক, (ক্ষুদ্রঋণ কার্যক্রম); জনাব নওশীন লায়লা, সিনিয়র ক্রেডিট অফিসার, (ক্ষুদ্রঋণ কার্যক্রম); জনাব আয়েশা আকতার, ক্রেডিট অফিসার (অডিট)। শাখাগুলোতে পরিদর্শনের সময় কর্মরত সকল পর্যায়ের কর্মী ও কর্মকর্তাদের সাথে বিশেষ মত বিনিময় সভায় মিলিত হন।




ভবেরচর শাখা পরিদর্শনকালীন সদস্যদের সাথে মতবিনিময় করছেন জনাব মো. সহিদ উল্লাহ, প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী, দিশা।

সভায় তিনি শাখার চলমান কার্যক্রমের বর্তমান অবস্থা, অগ্রগতি, চ্যালেঞ্জ ইত্যাদি বিষয়ে অবগত হন। বিশেষ করে ঋণ আদায় হার বৃদ্ধি, নতুন বকেয়া ও সঞ্চয় খেলাপি রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য শাখা ব্যবস্থাপনাকে পরামর্শ প্রদান করেন। তিনি আরো বলেন, মানুষের ক্রয় সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি ঋণের চাহিদার পরিমাণ ও বৃদ্ধি পেয়েছে। সেই প্রেক্ষিতে যথাযথ যাচাই-বাছাই এবং নীতিমালা মোতাবেক শাখার উদ্যোক্তা ঋণ বিতরণে আরো গুরুত্ব প্রদানের পরামর্শ প্রদান করেন। শাখায় উপযোগী কর্ম পরিবেশ তৈরি ও উন্নয়ন বিষয়ে গুরুত্ব প্রদানের জন্য বলেন। সংশ্লিষ্ট সকলকে আরো দায়িত্বশীলতার সাথে স্ব স্ব দায়িত্ব পালন করার পরামর্শ দেন।

*-নিজস্ব প্রতিবেদক*

## "সমাজকল্যাণমূলক কার্যক্রমে সম্পৃক্ত সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন" শীর্ষক প্রশিক্ষণে দিশা'র কর্মকর্তাদের অংশগ্রহণ।

**২০**-২৪ এপ্রিল ২০২৫; বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ এর উদ্যোগে উচ্চ/মধ্যম পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ প্রশিক্ষণ কেন্দ্রে, ঢাকায় ০৫ দিন ব্যাপী আয়োজিত হয় "সমাজকল্যাণমূলক কার্যক্রমে সম্পৃক্ত সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন" শীর্ষক প্রশিক্ষণ। এই প্রশিক্ষণে সমাজকল্যাণমূলক কার্যক্রমে সম্পৃক্ত সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন বিষয়ে বিশদভাবে আলোচনা করা হয়। প্রশিক্ষণে দিশা সহ ১৭টি এনজিও'র ৩৫ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। পাঁচ দিনব্যাপী এই প্রশিক্ষণে দিশা'র পক্ষ থেকে অংশগ্রহণ করেন জনাব খোন্দকার রাকিবুজ্জামান, ব্যবস্থাপক (রিসোর্স মবিলাইজেশন অ্যান্ড প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন) এবং মোছা. সাবিকুন্নাহার, সহকারি ট্রেইনিং অফিসার, দিশা ট্রেনিং সেন্টার (ডিটিসি)। প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের মধ্যে প্রথম স্থান অর্জন করেন জনাব খোন্দকার রাকিবুজ্জামান, ব্যবস্থাপক, দিশা।

*-নিজস্ব প্রতিবেদক*



প্রথম স্থান অর্জনকারী জনাব খোন্দকার রাকিবুজ্জামান, ব্যবস্থাপক এর হাতে সম্মাননা স্মারক প্রদান করছেন জনাব মো. মুখলেসুর রহমান, অতিরিক্ত পরিচালক (উপসচিব), বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা।

# সমাজসেবা অধিদফতরাধীন খুলনা ছোটমনি নিবাস এবং জেলা কারাগারে পোশাক বিতরণ

**২৮** মে ২০২৫; ডেভেলাপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশাল এডভান্সমেন্ট (দিশা) কর্তৃক সমাজসেবা অধিদফতরাধীন ছোটমনি নিবাস, খুলনা এর নিবাসীদের মধ্যে ৮৯ সেট বেবী ড্রেস অনুদান হিসেবে বিতরণ করা হয়। পোশাক বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমাজসেবা অধিদফতরের খুলনা বিভাগের বিভাগীয় পরিচালক জনাব অনিন্দিতা রায়, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা; জনাব কানিজ মোস্তফা, খুলনা বিভাগীয় কমিশনার কার্যালয়ের উপজেলা নির্বাহী অফিসার; জনাব প্রীতম সাহা ও জনাব জেসিয়া জামান, উপতত্ত্বাবধায়ক, ছোটমনি নিবাস।

তাছাড়া উক্ত তারিখে দিশা কর্তৃক খুলনা জেলা কারাগারে থাকা মহিলা কারাবন্দিদের সাথে অবস্থানরত শিশুদের মাঝে বিতরণের জন্য ১২৫ সেট বেবী ড্রেস অনুদান হিসেবে হস্তান্তর করা হয়। খুলনা জেলা কারাগারের পক্ষে পোশাক গ্রহণ করেন জেলা কারাগারের তত্ত্বাবধায়ক জনাব মোঃ নাসির উদ্দিন প্রধান। পোশাক হস্তান্তরকালে উপস্থিত ছিলেন জনাব কানিজ মোস্তফা, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা; জনাব আবিদা আফরিন, প্রবেশন অফিসার, খুলনা এবং জেলা কারাগারের অন্যান্য কর্মকর্তাবৃন্দ। দিশা'র পক্ষ থেকে উক্ত বেবী ড্রেসগুলো হস্তান্তর করেন জনাব এজিএম বদরুজ্জামান, পরামর্শক (প্রশাসন)।



পোশাক গ্রহণ করছেন খুলনা জেলা কারাগারের তত্ত্বাবধায়ক জনাব মোঃ নাসির উদ্দিন প্রধান। পোশাক হস্তান্তরকালে উপস্থিত ছিলেন জনাব কানিজ মোস্তফা, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা; জনাব আবিদা আফরিন, প্রবেশন অফিসার, খুলনা এবং জেলা কারাগারের অন্যান্য কর্মকর্তাবৃন্দ এবং দিশা'র পক্ষ থেকে উক্ত বেবী ড্রেসগুলো হস্তান্তর করেন জনাব এজিএম বদরুজ্জামান, পরামর্শক (প্রশাসন) ।

## ছোটমনি নিবাস
## সমাজসেবা অধিদফতর, খুলনা।



ছোটমনি নিবাস, খুলনা এর নিবাসীদের মধ্যে ৮৯ সেট বেবী ড্রেস বিতরণ করা হয় এ সময় উপস্থিত ছিলেন সমাজসেবা অধিদফতরের খুলনা বিভাগের বিভাগীয় পরিচালক জনাব অনিন্দিতা রায়, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা; জনাব কানিজ মোস্তফা, উপজেলা নির্বাহী অফিসার জনাব প্রীতম সাহা (খুলনা বিভাগীয় কমিশনারের কার্যালয়ে কর্মরত), জনাব জেসিয়া জামান, উপতত্ত্বাবধায়ক, ছোটমনি নিবাস এবং দিশা'র পক্ষ থেকে জনাব এজিএম বদরুজ্জামান, পরামর্শক (প্রশাসন) ।

*- নিজস্ব প্রতিবেদক*

দিশাবার্তা ত্রৈমাসিক মুখপত্র
since 1993
১১তম বর্ষ, সংখ্যা ৫৩, এপ্রিল - জুন ২০২৫

## ১৯৬তম কার্যনির্বাহী পরিষদ সভা অনুষ্ঠিত

**৩১** মে ২০২৫; দিশা প্রধান কার্যালয়ে সংস্থার ১৯৬তম কার্যনির্বাহী পরিষদ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সংস্থার কার্যনির্বাহী পরিষদের চেয়ারম্যান জনাব সাইফুল ইসলাম চৌধুরী। সভায় আরো উপস্থিত ছিলেন সংস্থার প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ, কোষাধ্যক্ষ কাজী নজরুল ইসলাম, কার্যনির্বাহী পরিষদের সদস্য জনাব কাজী মাসুদ আবদুল কাদের, মিসেস শিরিন সুলতানা, জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম এবং মিসেস তানিয়া আক্তার। এছাড়াও দিশা'র প্রকল্প প্রধান ও বিভাগীয় প্রধানগণও সভায় উপস্থিত ছিলেন। সভার শুরুতে সভাপতি মহোদয় সবাইকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানান। সভার আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনা করার জন্য প্রধান নির্বাহী মহোদয়কে অনুরোধ করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

১. বিগত ২২ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত ১৯৫তম সভার কার্যবিবরণী অনুমোদন।
২. সংস্থার ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৩. সংস্থার চলমান প্রকল্প সর্ম্পকে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ
৪. বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ ও ঋণ গ্রহণের জন্য আবেদন করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৫. সংস্থার নামে ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।




এছাড়া অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

*- নিজস্ব প্রতিবেদক*

## মাতৃভূমি ডেইরি ফুডস্ লিমিটেড এর ৪৮তম বোর্ড সভা

**৮** মে ২০২৫; মাতৃভূমি ডেইরি ফুডস্ লিমিটেড (এমডিএফএল) এর ৪৮তম পরিচালনা পর্ষদ সভা প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়, ঢাকায় অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন জনাব মো. সহিদ উল্লাহ, চেয়ারম্যান, এমডিএফএল। সভার শুরুতে তিনি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ছালীমা নাজনীন বীথি, উপদেষ্টা, দিশা। সভায় আরো উপস্থিত ছিলেন পরিচালকবৃন্দ - জনাব চন্দন কুমার চক্রবর্তী, জনাব রইসউদ্দিন আহমেদ, জনাব মো. মনির হোসেন এবং এমডিএফএল এর চীফ ফাইন্যান্সিয়াল অফিসার (সিএফও) ও কোম্পানি সেক্রেটারি জনাব মো. আবু জাফর, জনাব মো. আবু বক্কর সিদ্দিক (ব্যবস্থাপক - আইন বিষয়ক), জনাব মো. আব্দুর রাজ্জাক (ব্যবস্থাপক বিক্রয়), জনাব মো. হাফিজুল ইসলাম (সহকারি ব্যবস্থাপক-বিক্রয়), জনাব মো. ইকবাল হোসেন (ঊর্ধ্বতন কার্যনির্বাহী) এবং জনাব তারেক আব্দুল্লাহ প্রিয়, ইর্ন্টান অফিসার, দিশা। এছাড়া দুই কারখানা ম্যানেজারসহ সকল টেরিটরি সেলস্ ম্যানেজার (টিএসএম) বৃন্দ উপস্থিত ছিলেন।



সভায় নিম্নের উল্লেখিত বিষয়াদি আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

১। ১৫ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত ৪৭তম বোর্ড সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ অনুমোদন।
২। এপ্রিল ২০২৫ শেষ হওয়া সময়ের জন্য আন-অডিটেড ফিনান্সিয়াল স্টেটমেন্ট।
৩। উৎপাদন ও বিক্রয় লক্ষ্যমাত্রা অর্জন।
৪। অপারেশনাল ম্যানেজমেন্ট।
৫। ১০ লক্ষ টাকার এফডিআর অ্যাকাউন্ট খোলার বিষয়ে আলোচনা
৬। নতুন বিনিয়োগের অগ্রগতি নিয়ে আলোচনা
৭। কৃত্রিম প্রজনন কার্যক্রম অগ্রগতি ইত্যাদি।

এছাড়াও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে আলোচনা ও যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। পরিশেষে সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

*প্রতিবেদক : মরম আলী পলাশ, প্রশাসনিক কর্মকর্তা, মাতৃভূমি ডেইরি ফুডস্ লিঃ।*

দিশাবার্তা ত্রৈমাসিক মুখপত্র
১১তম বর্ষ, সংখ্যা ৫৩, এপ্রিল - জুন ২০২৫

## শাখা প্রোফাইল : গৌরীপুর শাখা | শাখা কোড : ০০১৬

**১৯৯৩** সালে দরিদ্র ও প্রান্তিক মানুষের আর্থসামাজিক উন্নয়নের প্রত্যয়ে গ্রামীণ অনগ্রসর জনগোষ্ঠী বিশেষ করে গ্রামীণ নারীদের আর্থসামাজিক অবস্থার টেকসই উন্নয়ন ও ক্ষমতায়নের লক্ষ্যে সংস্থার প্রধান নির্বাহী মো. সহিদ উল্লাহর উদ্যোগে ডেভেলাপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশাল এডভান্সমেন্ট (দিশা) প্রতিষ্ঠিত হয়।

সমাজ উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রম পরিচালনা পর্যায়ক্রমে কুমিল্লা জেলার বরকইট, চান্দিনা, বরুড়া, পয়ালগাছা, দেবিদ্বার, কালাকচুয়া শাখার সফলতা সংস্থার কার্যক্রম সম্প্রসারণকে উদ্বুদ্ধ করে এবং ৩১ আগস্ট ২০১০ দিশার ১৬তম শাখা হিসেবে গৌরীপুর শাখা, দাউদকান্দি উপজেলা, কুমিল্লা জেলায় শাখার কার্যক্রম শুরু হয়।




গৌরীপুর শাখা | উপজেলা : দাউদকান্দি | জেলা : কুমিল্লা

**বর্তমানে কর্মরত শাখার সকল কর্মকর্তা ও কর্মীদের তালিকা:**

| ক্রম. নং | শাখার বর্তমান কর্মকর্তাবৃন্দের নাম | আইডি নং | পদবি |
|---|---|---|---|
| ১ | মো. শরীফুল ইসলাম | ৫৪৫৮ | শাখা ব্যবস্থাপক |
| ২ | মাহমুদা ইয়াছমিন | ৩৪১৩ | সহকারী শাখা ব্যবস্থাপক কাম হিসাব রক্ষক |
| ৩ | সানজিদা পারভীন | ৩৮৯২ | সি. ক্রেডিট অফিসার-০২ |
| ৪ | অন্তরা রানী বিশ্বাস | ৫৫৭২ | ক্রেডিট অফিসার-০৩ |
| ৫ | সবুজ মিয়া | ৫৮৭৭ | শিঃ ক্রেডিট অফিসার |
| ৬ | মো. মামুন | ৫৯৪৬ | শিঃ ক্রেডিট অফিসার |
| ৭ | মো. জীবন হোসেন | ৫৪৩৫ | বার্তাবাহক (চুক্তি) |

### একনজরে গৌরীপুর শাখার ক্ষুদ্রঋণ কার্যক্রম

**সদস্য সংখ্যা**
১২৮৯ জন
নারী সদস্য - ১২৬১ জন
পুরুষ সদস্য - ২৮ জন

**সমিতি সংখ্যা**
৬০টি

**সঞ্চয়স্থিতি**
৳ ২,৮৩,৬০,২৬৩

**ঋণস্থিতি**
৳ ৪,৫৬,৭৭,৬২২

### ঋণের খাতসমূহ

**জাগরণ**
ঋণী সংখ্যা : ৫৬৫ জন
ঋণস্থিতি : ১,৭০,৪৬,৮৯১ টাকা

**অগ্রসর**
ঋণী সংখ্যা : ৩৩৩ জন
ঋণস্থিতি : ২,১৭,১৪,২০৬ টাকা

**বুনিয়াদ**
ঋণী সংখ্যা : ১৬ জন
ঋণস্থিতি : ১,৩৩,৪৪৪ টাকা

**সুফলন**
ঋণী সংখ্যা : ৫৯ জন
ঋণস্থিতি : ২৬,৯৯,২৩৮ টাকা

**ইএল**
ঋণী সংখ্যা : ৪ জন
ঋণস্থিতি : ৩২,৬৭,৭৯৭ টাকা

**ওয়াটার ক্রেডিট**
ঋণী সংখ্যা : ২০ জন
ঋণস্থিতি : ৩১,৬,০৪৬ টাকা

**গৃহ ঋণ**
ঋণী সংখ্যা : ২ জন
ঋণস্থিতি : ৫,০০,০০০ টাকা

*প্রতিবেদক: মো. জহির রায়হান, ব্যবস্থাপক, প্রধান নির্বাহীর দপ্তর।*

# এক নজরে দিশার ক্ষুদ্রঋণ কার্যক্রম

**দিশা'র** ক্ষুদ্রঋণ কার্যক্রম পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), বিভিন্ন সরকারি-বেসরকারি ব্যাংক এবং নিজস্ব অর্থায়নে পরিচালিত হচ্ছে। বর্তমানে দেশের ১৯টি জেলা-কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, নারায়ণগঞ্জ, নরসিংদী, মুন্সিগঞ্জ, ফেনী, কিশোরগঞ্জ, গাজীপুর, ঢাকা, লক্ষ্মীপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, মানিকগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ, নোয়াখালী, চট্টগ্রাম ও হবিগঞ্জ এর ১১০টি উপজেলায় ১০৪টি শাখার মাধ্যমে সংস্থার ক্ষুদ্রঋণ ও সেবামূলক কার্যক্রমসমূহ বাস্তবায়িত হচ্ছে।



## এপ্রিল - জুন ২০২৫ পর্যন্ত দিশা'র ক্ষুদ্রঋণ কার্যক্রমের বিতরণকৃত ঋণের তথ্য

| ঋণের খাতসমূহ | ঋণ বিতরণ কোটি | বিতরণকৃত ঋণী সংখ্যা | | |
|---|---|---|---|---|
| | | নারী | পুরুষ | মোট |
| জাগরণ | ৫০.৮৪ | ৮,১০৫ | ৩০৭ | ৮,৪১২ |
| অগ্রসর | ৪৮.৪৪ | ৩,২৫৪ | ২৩৮ | ৩,৪৯২ |
| সুফলন | ৩১.৩৫ | ৬,৪০০ | ২৩০ | ৬,৬৩০ |
| বুনিয়াদ | ০.৪৯ | ৩৮২ | ০৯ | ৩৯১ |
| ওয়াটার ক্রেডিট এডপশন | ৩.৬২ | ১,৪০১ | ৪৯ | ১,৪৫০ |
| ইএল | ১৬.৮১ | ১২২ | ৯০ | ২১২ |
| গৃহায়ন তহবিল | ০.১০ | ৪ | - | ৪ |
| সর্বমোট | ১৫১.৬৫ | ১৯,৬৬৮ | ৯২৩ | ২০,৫৯১ |

## জুন ২০২৫ পর্যন্ত দিশা'র ক্ষুদ্রঋণ কার্যক্রম

| ঋণের খাতসমূহ | সদস্য সংখ্যা | ঋণী সংখ্যা | ঋণস্থিতি (কোটি) | সঞ্চয়স্থিতি (কোটি) |
|---|---|---|---|---|
| জাগরণ | ৮৭,৭৮৭ | ৫৪,৬৩৯ | ১৫৫.২৪ | ১২৭.৪৩ |
| অগ্রসর | ২১,২৭৫ | ১৯,৪৪৬ | ১৩৯.৫২ | ৪৮.৯৯ |
| সুফলন (এএসএম) | ১,১৩১ | ৯৫৪ | ৫.১৩ | ১.৯৩ |
| সুফলন (এসএল) | ৬,৩৩৩ | ৬,৩৩৩ | ২৯.৩৩ | - |
| বুনিয়াদ | ২,০৪৮ | ১,৬৮৯ | ১.৫৫ | ০.৩০ |
| ইএল | ৯২১ | ৮৪৪ | ৫২.৯৯ | ১১.৬৬ |
| ওয়াটার ক্রেডিট এডপসন | ৪,৫৮২ | ৪,১৭৪ | ৭.১৬ | ২.৯২ |
| গৃহায়ন তহবিল | ৪ | ৪ | ০.১০ | - |
| অন্যান্য | ৮৪ | ৬২ | ০.২৪ | - |
| সর্বমোট | ১১৭,৭৭৬ | ৮৩,১১৪ | ৩৯১.১৬ | ১৯৩.২৩ |

*প্রতিবেদক: মো. জহির রায়হান, ব্যবস্থাপক, প্রধান নির্বাহীর দপ্তর।*

দিশাবার্তা ত্রৈমাসিক মুখপত্র
১১তম বর্ষ, সংখ্যা ৫৩, এপ্রিল - জুন ২০২৫

# শাখা পর্যায়ের কর্মকর্তাদের ওয়াটার ক্রেডিট কার্যক্রম বিষয়ে প্রশিক্ষণ সম্পন্ন

বাংলাদেশে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন বিষয় বিগত সময়ে উল্লেখযোগ্য অর্জন সাধিত হলেও, এখন পর্যন্ত বহু মানুষ এই সুবিধা থেকে বঞ্চিত রয়েছে। এই বিষয়টি বিবেচনায় রেখে দিশা'র কর্মএলাকায় সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর নিরাপদ, পানি, স্যানিটেশন ও হাইজিন বিষয়ে সচেতন করে, সদস্যদের চিকিৎসা খরচ সহনীয় পর্যায়ে আনা, সংসারের আর্থিক উন্নয়ন, নিরাপদ ও স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করে সুন্দর জীবনযাপনের লক্ষ্যে InM এর সহায়তায় "দিশা" ওয়াটার ক্রেডিট এডাপশন কার্যক্রম (WCAD) বাস্তবায়ন করছে। এই প্রকল্পটি দিশার কর্মএলাকার ১৯টি জেলায় ১০২টি শাখার মাধ্যমে বাস্তবায়ন করে যাচ্ছে। কার্যক্রমের মাধ্যমে এ পর্যন্ত (মে-২০২৫) ২১,২৫৮ জন সদস্যের মাঝে ১১,১৬০ টি টিউবওয়েল, ১০,০৯৮টি টয়লেট স্থাপন করা হয়েছে। এর ফলে দরিদ্র জনগোষ্ঠির জীবন মানের উন্নয়ন, পরিবার থেকে রোগ বালাই কমার পাশাপাশি আর্থিক নিরাপত্তা বৃদ্ধি পেয়েছে। এর ফলে তাদের সামাজিক মর্যাদাও বৃদ্ধি পেয়েছে।

প্রকল্পকে আরও কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প সম্পর্কে কর্মকর্তাদের আরও দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে (৩য় ফেজ-এ) মার্চ এবং মে-২০২৫ মাসে তিন ব্যাচে মোট ৫৮ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



সোনারগাঁও শাখায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছেন জনাব খোন্দকার রাকিবুজ্জামান, ব্যবস্থাপক, রিসোর্স মবিলাইজেশন এন্ড প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন।

*প্রতিবেদক : খোন্দকার রাকিবুজ্জামান, ব্যবস্থাপক, রিসোর্স মবিলাইজেশন এন্ড প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন।*

# Institute for Inclusive Finace and Development (InM)
## ওয়াটার ক্রেডিট এডাপশন (WCAD) প্রকল্প

ওয়াটার ক্রেডিট এডাপশন প্রকল্পের আওতায় সমাজের সুবিধা বঞ্চিত, দরিদ্র মানুষের সুপেয় পানির নিশ্চয়তার জন্য টিউবওয়েল ও স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপনের কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। নিরাপদ, সুপেয় পানি ও স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপনের মাধ্যমে বিবিধ রোগ থেকে দরিদ্র জনগোষ্ঠীকে রক্ষা করতে ও সামাজিকভাবে এগিয়ে নিতে দিশা কাজ করছে।

দিশা'র ক্ষুদ্রঋণ কার্যক্রমের সকল শাখার সদস্যরা এ প্রকল্পের অন্তর্ভুক্ত। জুন ২০২৫ পর্যন্ত ১৯টি জেলার ১০২টি শাখার ২১,৬০২ জন সদস্য ঋণ গ্রহণ করে ১১,১৬৩টি টিউবওয়েল; ১০,৪৩৯টি স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপন করেছেন।

### জুন ২০২৫ সদস্যদের ওরিয়েন্টেশন কর্মসূচিতে আলোচ্য বিষয়সমূহ :



ডেমরা শাখা, দরবারশরীফ কর্মজীবী সমিতির সদস্যদের সাথে পয়ঃনিষ্কাশন ও পরিচ্ছন্নতা বিষয়ক ওরিয়েন্টেশান।

| আলোচ্য বিষয় | |
|---|---|
| • নিরাপদ পানি।<br>• নিরাপদ পানির উৎসসমূহ।<br>• ভূপৃষ্ঠস্থ ও ভূগর্ভস্থ পানি দূষণের কারণসমূহ।<br>• ভূপৃষ্ঠস্থ ও ভূগর্ভস্থ পানি দূষণরোধকরণের উপায়।<br>• দূষিত পানি পানের ক্ষতিকর দিকসমূহ।<br>• বিশুদ্ধ পানি সংগ্রহ, বিশুদ্ধকরণ ও সংরক্ষণ পদ্ধতি।<br>• সাবান ও বিশুদ্ধ পানি দিয়ে হাত ধোয়ার সময় ও সঠিক পদ্ধতি।<br>• স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন। | • স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন ব্যবহারের বদলে খোলা জায়গায় মলত্যাগে ক্ষতি/আক্রান্ত রোগসমূহ।<br>• ব্যক্তিগত, পারিবারিক এবং সামাজিক পরিষ্কার পরিচ্ছন্নতা।<br>• করোনা মহামারি প্রতিরোধে বারবার সাবান দিয়ে হাত ধোয়া/ হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা, মাস্ক পরা, নাকে, চোখে আঙুল না দেওয়া, সামাজিক দূরত্ব বজায় রাখা ও সকলকে কোভিড টিকা গ্রহণে উদ্বুদ্ধ করা।<br>• ওয়াটার ক্রেডিট এডাপশন ঋণ গ্রহণে সমিতির সদস্যদের উদ্বুদ্ধ করা। |

*প্রতিবেদক : জিয়াউল আলম, সিনিয়র প্রোগ্রাম অফিসার (ক্ষুদ্রঋণ কার্যক্রম)*

## Development Project Planning and Management (DPPM) শীর্ষক প্রশিক্ষণে দিশা'র কর্মকর্তাদের অংশগ্রহণ

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) কর্তৃক বিভিন্ন সরকারি ও বেসরকারি দপ্তর ও সংস্থার উচ্চ/মধ্যম পর্যায়ের কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে "উন্নয়ন প্রকল্প পরিকল্পনা ও ব্যবস্থাপনা (ডিপিপিএম)" শীর্ষক দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ ৪-৮ মে ২০২৫ তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কোটবাড়ী, কুমিল্লায় আয়োজিত হয়। এই প্রশিক্ষণে প্রকল্প প্রস্তাব প্রণয়ন এবং তার ব্যবস্থাপনা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রশিক্ষণে জাতীয় পর্যায়ের সরকারি ও বেসরকারি ১১টি প্রতিষ্ঠানের ২৩ জন কর্মকর্তা অংশগ্রহণ করেছেন। পাঁচ দিনব্যাপী এই প্রশিক্ষণে দিশা'র পক্ষ থেকে অংশগ্রহণ করেন জনাব খোন্দকার রাকিবুজ্জামান, ব্যবস্থাপক, রিসোর্স মবিলাইজেশন অ্যান্ড প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন এবং মো. মাসিউর হোসেন, গবেষণা কর্মকর্তা।

*প্রতিবেদক : খোন্দকার রাকিবুজ্জামান, ব্যবস্থাপক, রির্সোস মবিলাইজেশন এন্ড প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন।*




প্রশিক্ষণে অংশগ্রহণকারী জনাব খোন্দকার রাকিবুজ্জামান (বাম থেকে দ্বিতীয়, সামনের সারিতে), ব্যবস্থাপক, রিসোর্স মবিলাইজেশন অ্যান্ড প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন এবং জনাব মো. মাসিউর হোসেন, গবেষণা কর্মকর্তা। (বাম থেকে দ্বিতীয়, পিছনের সারিতে)

## "সমাজকল্যাণমূলক কার্যক্রমে সম্পৃক্ত সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন" শীর্ষক প্রশিক্ষণে দিশা'র কর্মকর্তার অংশগ্রহণ

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ এর উদ্যোগে উচ্চ/মধ্যম পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণে ৪-৮ মে ২০২৫ (০৫ দিন ব্যাপি) তারিখে "সমাজকল্যাণমূলক কার্যক্রমে সম্পৃক্ত সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন" শীর্ষক দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ আয়োজিত হয় বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ প্রশিক্ষণ কেন্দ্রে, ঢাকায়। প্রশিক্ষণে সমাজকল্যাণমূলক কার্যক্রমে সম্পৃক্ত সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন বিষয়ে বিশদভাবে আলোচনা করা হয়। প্রশিক্ষণে দিশা সহ ২৬টি বেসরকারি উন্নয়ন সংস্থার ৩০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। পাঁচ দিনব্যাপী এই প্রশিক্ষণে দিশা'র পক্ষ থেকে অংশগ্রহণ করেন জনাব তাহমিনা আকতার, সিনিয়র প্রোগ্রাম অফিসার, ব্রান্ডিং এন্ড কমিউনিকেশন।

*-নিজস্ব প্রতিবেদক*



প্রশিক্ষণে অংশগ্রহণকারী জনাব তাহমিনা আকতার (বাম থেকে পঞ্চম) সিনিয়র প্রোগ্রাম অফিসার, ব্রান্ডিং এন্ড কমিউনিকেশন।

## চিকিৎসা সহায়তা কর্মসূচী

**দিশা** ২০১২ সাল হতে নিরাপত্তা ও কল্যাণ তহবিল থেকে জটিল, দুরারোগ্য রোগে আক্রান্ত এবং মারাত্মক দুর্ঘটনায় আহত সংস্থার ঋণ কার্যক্রম অন্তর্ভুক্ত সদস্য অথবা তাদের স্বামী/স্ত্রীদের চিকিৎসা সহায়তা প্রদান করে আসছে। মে ২০২৫ মাসে ৮ জনকে ৪৬,০০০/- টাকা চিকিৎসা সহায়তা প্রদান করা হয়েছে।

বন্দর শাখার সদস্য আকলিমা আকতার, সদস্য নং ৯৬, দাসেরগাঁও কর্মজীবী মহিলা সমিতি ০৪৯ সদস্য আকলিমা আকতার গলার টনসিল রোগে আক্রান্ত হন, ডাক্তার দ্রুত অপারেশন করার পরামর্শ দেন, এমতাবস্থায় সদস্য আকলিমা আকতার বন্দর শাখা ব্যবস্থাপকের সাথে যোগাযোগ করেন। শাখা ব্যবস্থাপক জনাব সঞ্জয় চন্দ্র দাস তাকে চিকিৎসা সহায়তার জন্য আবেদন করার পরামর্শ দেন। তার আবেদনের প্রেক্ষিতে শাখা ব্যবস্থাপকসহ সকলের সুপারিশে আকলিমা আকতারকে তার চিকিৎসার জন্য এককালীন ৫০০০/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়।

*প্রতিবেদক : রিফাত আহমেদ*
*প্রোগ্রাম অফিসার, ব্র্যান্ডিং এন্ড কমিউনিকেশন*



সদস্য আকলিমা আকতারের হাতে চিকিৎসা সহায়তা তুলে দেন
বন্দর শাখার শাখা ব্যবস্থাপক, সঞ্জয় চন্দ্র দাস ।

## দিশা'য় সফল ক্যারিয়ার



**আমি** আয়শা আক্তার, আইডি নং-৮৬৯, ১১ ফেব্রুয়ারি ২০১৪ ইং তারিখে নুরপুর শাখায় মাঠ সংগঠক পদে যোগদান করি। ০১ ডিসেম্বর ২০১৬ ইং পদোন্নতি পেয়ে সহকারী শাখা ব্যবস্থাপক কাম হিসাব রক্ষক কর্মকর্তা হিসেবে দিশা সুজাতপুর শাখায় যোগদান করি। পরবর্তীতে হাজীগঞ্জ, রামগঞ্জ, শাহরাস্তি শাখায় শাখা ব্যবস্থাপক কাম হিসাব রক্ষক হিসেবে সততার সহিত দায়িত্ব পালন করি এবং ১১ নভেম্বর ২০২৩ইং পদোন্নতি পেয়ে শাখা ব্যবস্থাপক হিসেবে শাহরাস্তি শাখায় অদ্যবধি কর্মরত আছি।

আমি সংস্থায় যোগদান থেকে আজ অবধি প্রত্যেকটি দায়িত্ব সততা ও নিষ্ঠার সাথে পালন করেছি নিরলসভাবে। নানা প্রতিবন্ধকতার মধ্য দিয়ে কর্মজীবনের প্রায় ১২টি বছর অতিক্রম করেছি। দিশা'য় কাজের পরিসর বা অভিজ্ঞতা নিয়ে তিনি বলেন, দিশায় কর্ম পরিবেশ খুবই ভালো। ঋনদান কর্মসূচী ছাড়াও সদস্য সন্তানদের বিনামূল্যে আটটি ট্রেডে কারিগরি প্রশিক্ষণ দেওয়া হয়। এখানে ঊর্ধ্বতন কর্মকর্তাদের সহযোগীতা শুরু থেকে এখনও পর্যন্ত পেয়ে আসছেন যা দিশায় সফল ক্যারিয়ার গড়তে অত্যন্ত সহায়ক ভূমিকা পালন করছে।

## সমাজে বই পড়ার আন্দোলন ছড়িয়ে দিতে দিশা আলোঘর প্রকাশনা নিবেদন করছে “আলোঘর শিক্ষা সংস্কৃতি অনির্বাণ” অনুষ্ঠান

**আলোঘর** লাইব্রেরী ও তথ্যকেন্দ্র এবং আলোঘর প্রকাশনা দিশা'র অন্যতম একটি সামাজিক কর্মসূচি। যার উদ্দেশ্য সমাজের ভবিষ্যৎ প্রজন্মকে বইপড়ায় উৎসাহিত করা এবং তার সুযোগ করে দেয়ার মধ্যমে জ্ঞানের আলোয় আলোকিত করা। বিশেষ করে স্কুল ও কলেজগামী শিক্ষার্থীরা এ কর্মসূচি অন্যতম টার্গেট গ্রুপ। এজন্য দিশা বর্ধিত পল্লবী, মিরপুর-১১.৫, ঢাকা এবং চান্দিনা উপজেলা সদর, কুমিল্লায় দুটি গণপাঠাগার পরিচালনা করছে। সমাজের সকল পর্যায়ের মানুষ, বিশেষ করে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়গামী শিক্ষার্থীরা যাতে বই পড়ায় আরো আগ্রহী হয় সেজন্য দিশা আলোঘর প্রকাশনা নিবেদন করছে “আলোঘর শিক্ষা সংস্কৃতি অনির্বাণ” অনুষ্ঠান। যে অনুষ্ঠানে অংশগ্রহণ করছেন দেশের প্রথিতযশা লেখক, শিল্পী, সাংস্কৃতিক ব্যাক্তিত্ব, অধ্যাপক এবং বিভিন্ন ক্ষেত্রে সফল ব্যাক্তিত্ব। উক্ত অনুষ্ঠানে তাঁরা তাদের জীবনের কথা, বেড়ে উঠার কথা, পড়ালেখার কথা, বই পড়ার কথা, বই পড়ার গুরুত্ব ইত্যাদি বিষয়ে মনোগ্রাহী আলোচনা করছেন। প্রতি রবিবার রাত ৮:৩০ মিনিটে সাংবাদিক ও লেখক জনাব ইকবাল খন্দকার এর সঞ্চালনায় গাজীটিভিতে অনুষ্ঠানটি প্রচারিত হচ্ছে।

জুন ২০২৫ পর্যন্ত উক্ত অনুষ্ঠানে সম্মানিত অতিথি হয়ে এসেছেন -

**পর্ব-১:** আহসান হাবীব, লেখক ও কার্টুনিস্ট;
**পর্ব-২:** আন্দালীব রাশদী ওরফে এম এ মোমেন, লেখক ও দুদক চেয়ারম্যান;
**পর্ব-৩:** ড. মোহাম্মদ আবদুল মজিদ, লেখক ও এনবিআর এর সাবেক চেয়ারম্যান ও এসডিএফ এর বর্তমান চেয়ারম্যান;
**পর্ব-৪:** আবুল কাসেম ফজলুল হক, লেখক ও বাংলা একাডেমির সভাপতি;
**পর্ব-৫:** অধ্যাপক মোহাম্মদ আজম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও বাংলা একাডেমির মহাপরিচালক;
**পর্ব-৬:** ফাতেমা তুজ জোহরা, নজরুল সংগীত শিল্পী ও লেখক;
**পর্ব-৭:** এম এন আমিন, লেখক ও বাংলাদেশ ব্যাংকের সাবেক নির্বাহী পরিচালক;
**পর্ব-৮:** মো. খুরশীদ আলম, সংগীত শিল্পী;
**পর্ব-৯:** আফসানা বেগম, লেখক ও জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক;
**পর্ব-১০:** ড. নিয়াজ আহমদ খান, অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি;
**পর্ব-১১:** খায়রুল আলম সবুজ, অভিনেতা ও লেখক;
**পর্ব-১২:** ফারুক মঈনউদ্দীন, বাংলা একাডেমি পুরস্কারপ্রাপ্ত লেখক;
**পর্ব-১৩:** ড. হোসেন জিল্লুর রহমান, পিপিআরসি'র (পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার) নির্বাহী চেয়ারম্যান ও প্রখ্যাত অর্থনীতিবিদ, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা।

অনুষ্ঠানগুলো দিশা'র ইউটিউব চ্যানেলে লিংক: https://www.youtube.com/@alogharprakashana-it4nq এ দেখার অনুরোধ রইলো।




লেখক ও এনবিআর এর সাবেক চেয়ারম্যান এবং এসডিএফ এর বর্তমান চেয়ারম্যান ড. মোহাম্মদ আবদুল মজিদ এবং সঞ্চালক জনাব ইকবাল খন্দকার। (পর্ব: তৃতীয়, তারিখ: ০৪ মে ২০২৫)




অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান, উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সঞ্চালক জনাব ইকবাল খন্দকার। (পর্ব: ১০ম, তারিখ: ২৯ জুন ২০২৫)

*প্রতিবেদক: মো. রাকিবুল হাসান, ব্যবস্থাপক, আলোঘর কার্যক্রম, দিশা।*

# আলোঘর প্রকাশনার জোন ভিত্তিক স্কুল-কলেজে আয়োজিত ভ্রাম্যমান বইমেলা

**এ**প্রিল - জুন ২০২৫ পর্যন্ত ০৭টি জোন (ঢাকা, ময়মনসিংহ, খুলনা, রাজশাহী, কুমিল্লা, বরিশাল ও রংপুর) ও ২টি (পল্লবী ও চান্দিনা) আলোঘর লাইব্রেরী থেকে ১৪৯টি ভ্রাম্যমান বইমেলার আয়োজন করা হয়। উক্ত মেলাগুলোতে প্রায় ৫৩৮২৯ জন ছাত্র-ছাত্রী উপস্থিত ছিল। মেলাতে ছাত্র-ছাত্রীদের উপস্থিতির সাথে সাথে আলোঘর প্রকাশনার প্রায় ৮৭৯২ টি বই বিক্রি করা হয়। উক্ত মেলায় ছাত্র-ছাত্রী, অভিভাবক ও শিক্ষক-শিক্ষিকাদের উপস্থিতি ছিল উৎসব মুখর।




সাউথ পয়েন্ট স্কুল এন্ড কলেজ, মিরপুর, ঢাকা।




পশ্চিম বেলাশ্বর সরকারি প্রাথমি বিদ্যালয়, চান্দিনা, কুমিল্লা।




বাদশা ফয়সাল ইসলামিক ইন্সটিটিউট, ঈদগাহ, যশোর।




আর এফ বি এ পাবলিক স্কুল, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।




ভিশন মডেল স্কুল, ডিংগাডোবা, ব্যাংককলোনী, রাজপাড়া, রাজশাহী।




আল-ফালাহ্ ইন্সটিটিউট, আমলনগর, রংপুর।




শাহীন স্কুল, করিম কুটির, বরিশাল।

*প্রতিবেদক : মো. জসিম উদ্দিন, আলোঘর প্রকাশনা।*

# এমআরএ-এমএফআই উচ্চশিক্ষা বৃত্তি প্রদান

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ)'র পরামর্শ মোতাবেক দিশা'র আর্থিক অসচ্ছল সদস্য সন্তানদের স্নাতক, স্নাতকোত্তর, ডক্টরাল ও পোস্ট ডক্টরাল পর্যায়ে গবেষণা/অধ্যয়ণরত মেধাবী শিক্ষার্থীদের এমআরএ-এমএফআই উচ্চশিক্ষা বৃত্তি প্রদানকরা হচ্ছে। এরই ধারাবাহিকতায় দেশের সরকারি বিশ্ববিদ্যালয়/ মেডিকেল/প্রকৌশল/কৃষি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ণরত সর্বমোট ৩৫ জন মেধাবী শিক্ষার্থীদের মাসিক ভিত্তিতে এ পর্যন্ত ৩৭,৪৩,০০০/- টাকা এমআরএ-এমএফআই উচ্চশিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে। বর্তমানে ২৬ জন শিক্ষার্থীকে মাসিক ভিত্তিতে মোট ১,১৬,০০০/- টাকা শিক্ষাবৃত্তি প্রদান করা হচ্ছে।

| ক্রঃ নং | শিক্ষার্থীর নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | বিষয় | বর্ষ/সেমিষ্টার |
|---|---|---|---|---|
| ১ | কাজী লামিয়া সুলতানা | ঢাকা মেডিকেল কলেজ | এমবিবিএস | এমবিবিএস ৪র্থ বর্ষ |
| ২ | আব্দুল্লাহ | ঢাকা মেডিকেল কলেজ | এমবিবিএস | এমবিবিএস ৪র্থ বর্ষ |
| ৩ | মো. ইকতার আলী | শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ | এমবিবিএস | এমবিবিএস ৪র্থ বর্ষ |
| ৪ | আজহারুল ইসলাম | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (ইইই) | অনার্স ৩য় বর্ষ |
| ৫ | মো. আরমান বেপারী | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | এল.এল.বি | অনার্স ৩য় বর্ষ |
| ৬ | শাহিন মিয়া | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় | Materials and Metallurgical Engineering | অনার্স ৩য় বর্ষ |
| ৭ | আল আমিন খান | কাজী নজরুল ইসলাম বিশবিদ্যালয় | নৃ-বিজ্ঞান | শেষ বর্ষ |
| ৮ | শ্যামা রায় বর্ষা | রাজশাহী বিশ্ববিদ্যালয় | ফিন্যান্স | অনার্স ৪র্থ বর্ষ |
| ৯ | রিভা আক্তার | বেগম রোকেয়া বিশবিদ্যালয় (রংপুর) | ম্যানেজমেন্ট ইনফরমেসন সিষ্টেম (বিবিএ) | অনার্স ৪র্থ বর্ষ |
| ১০ | মোহাম্মদ ইস্রাফীল | রাজশাহী বিশ্ববিদ্যালয় | আরবী | অনার্স ৩য় বর্ষ |
| ১১ | লাবনী আক্তার | ঢাকা বিশ্ববিদ্যালয় | সংস্কৃত | অনার্স ৪র্থ বর্ষ |
| ১২ | আনিছুর রহমান | স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ | Bachelor of Dental Surgery (BDS) | বিডিএস শেষ বর্ষ |
| ১৩ | মো. শিমুল ভূইয়া | রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) | কেমিক্যাল এ্যান্ড ফুড প্রসেস ইঞ্জিনিয়ারিং | অনার্স ৩য় বর্ষ |
| ১৪ | সাজিদুল ইসলাম | রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) | সিভিল ইঞ্জিনিয়ারিং | অনার্স ৩য় বর্ষ |
| ১৫ | জান্নাতুল মাওয়া মীম | পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | Animal Science & Veterinary Medicine (ASVM) | এএসভিএম ৫ম বর্ষ |
| ১৬ | মো. রাসেল মোড়ল | খুলনা বিশ্ববিদ্যালয় | এগ্রোটেকনোলজি | অনার্স ২য় বর্ষ |
| ১৭ | মিল্লাতুন নাহার মিতু | হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | ইংরেজী | অনার্স ২য় বর্ষ |
| ১৮ | মো. আব্দুর রহমান | ঢাকা মেডিকেল কলেজ | এমবিবিএস | এমবিবিএস ৪র্থ বর্ষ |
| ১৯ | রিয়া কুন্ডু | গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | বাংলা | অনার্স ২য় বর্ষ |
| ২০ | নাহিদা সুলতানা | নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | ফার্মেসী | অনার্স ৩য় বর্ষ |
| ২১ | উম্মে হানি শ্রাবনী | শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | ইংরেজী | অনার্স ৩য় বর্ষ |
| ২২ | নাজমা আকতার | ঢাকা বিশ্ববিদ্যালয় | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | অনার্স ৪র্থ বর্ষ |
| ২৩ | মো. রাকিবুল হাসান ফয়েজ | ঢাকা বিশ্ববিদ্যালয় | ইতিহাস | অনার্স ২য় বর্ষ |
| ২৪ | প্রতিক বিশ্বাস | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (ইইই) | অনার্স ১ম বর্ষ |
| ২৫ | সাবিহা বিনতে বৃষ্টি | ঢাকা মেডিকেল কলেজ | এমবিবিএস | এমবিবিএস ২য় বর্ষ |
| ২৬ | সানজিদা সুলতানা প্রিমা | মিরপুর সরকারি বাংলা কলেজ | উদ্ভিদ বিজ্ঞান | অনার্স ১ম বর্ষ |

*-নিজস্ব প্রতিবেদক*

# দিশা প্রশিক্ষণ কেন্দ্র (ডিটিসি) সংবাদ

দিশা প্রশিক্ষণ কেন্দ্র (ডিটিসি) দিশা'র একটি সহযোগী সংগঠন। ডিটিসি মানব সম্পদ উন্নয়নে বিভিন্ন ধরনের এবং প্রয়োজনীয় সামর্থ্য ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করে চলেছে। বর্তমানে প্রশিক্ষণ কেন্দ্রে ০২টি হল/মিটিং/কনফারেন্স রুম এবং ১৩ টি শীতাতপনিয়ন্ত্রীত কক্ষে ৩১ জনের আবাসন সুবিধা রয়েছে। অত্র প্রশিক্ষণ কেন্দ্রে সংস্থার বিভিন্ন স্তরের কর্মীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা, সভা আয়োজন করা হচ্ছে। দেশের অন্যান্য প্রতিষ্ঠান সমূহ দিশা ট্রেনিং সেন্টারে বিভিন্ন প্রশিক্ষণ, সভা, সেমিনার, কর্মশালা পরিচালনা করছে।

এপ্রিল-জুন ২০২৫ প্রান্তিকে ১০ টি সংগঠন/সংস্থার ১২ টি বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা, সভা অনুষ্ঠিত হয়েছে। যাতে সর্বমোট ৫৪৩ জন অংশগ্রহণকারী ছিলেন, যার মধ্যে ৩৭১ জন পুরুষ এবং ১৭২ জন নারী।



ডিআইএসটি'র প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে প্রেষণামূলক বক্তব্য প্রদান করেন ড. হোসেন জিল্লুর রহমান, নির্বাহী চেয়ারম্যান, পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি)। এ সময় অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন দিশা'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জনাব মো. সহিদ উল্লাহ।



বাংলাদেশ রেড ক্রিসেন্ট প্রাক্তন কর্মকর্তা ফোরামের পুনর্মিলনী অনুষ্ঠান ২০২৫।

*সংগঠন ভিত্তিক বিবরণঃ*

| ক্রম # | সংস্থা/সংগঠন | কর্মসূচী সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | | | কর্মসূচী শিরোনাম |
|---|---|---|---|---|---|---|
| | | | পুরুষ | নারী | মোট | |
| ০১ | DISA | ১ টি | ৮০ | - | ৮০ | PPRC Meeting with DIST Trainees |
| ০২ | DISA Institute of Science and Technology (DIST) | ১ টি | ২৫ | ১ | ২৬ | Certificate Distribution Ceremony |
| ০৩ | National Grassroots Disability Organization (NGDO) | ১ টি | ২১ | ১ | ২২ | Workshop for Develop HR & Finance Policy for NGDO |
| ০৪ | National Grassroots Disability Organization (NGDO) | ১ টি | ১৬ | ৪ | ২০ | Capacity Building Training for NGDO EC Committee Members and Staff on the Implementation of Strategic Planning and Implementation |
| ০৫ | Universal LPG Gas | ১ টি | ১১ | - | ১১ | Corporate Sales Meeting |
| ০৬ | Breaking The Silence (BTS) | ২ টি | ৩৮ | ৬ | ৪৪ | Basic Training on Daycare center Operation and Management |
| ০৭ | Breaking The Silence (BTS) | ১ টি | ১০ | ০৩ | ১৩ | Training on Child Safeguarding |
| ০৮ | Breaking The Silence (BTS) | ১ টি | ৪ | ১৮ | ২২ | Basic Training on ECCD and age appropriate activity for day care center staff |
| ০৯ | BTS (Spirit Project) | ১ টি | ৯ | ৭ | ১৬ | Workshop on Photo Voice |
| ১০ | BTS (Spirit Project) | ১ টি | ১৮ | ৩২ | ৫০ | Creating Awareness & Drug Prevention |
| ১১ | Breaking The Silence (BTS) | ১ টি | ৭ | ৩ | ১০ | Basic Training on Case Management |
| ১২ | Red Crescent Ex-Officers' Forum (RCXOF) | ১ টি | ১০ | ১ | ১১ | Executive and Advisory Committee joint Meeting |
| ১৩ | Red Crescent Ex-Officers' Forum (RCXOF) | ১ টি | ৭ | - | ৭ | RCXOF Special Meeting |
| ১৪ | Red Crescent Ex-Officers' Forum (RCXOF) | ১ টি | ৩৬ | ৪ | ৪০ | Reunion of RCXOF |
| ১৫ | TransEnd | ১ টি | ১৫ | ২৫ | ৪০ | Media Sensitization and Understanding |
| ১৬ | SERAC Bangladesh | ১ টি | ৬ | ৭ | ১৩ | Volunteer Orientation |
| ১৭ | SERAC Bangladesh | ৩ টি | ৩২ | ৪১ | ৭৩ | Volunteer Orientation |
| ১৮ | ARK Foundation | ১ টি | ১২ | ২ | ১৪ | PV Training Workshop For Drug Seller |
| ১৯ | Ipas Bangladesh | ১ টি | ১৪ | ১৭ | ৩১ | Skill Building Training on Leadership, Public Speaking Advocacy and Networking |
| | সর্বমোট: | ২২ টি | ৩৭১ | ১৭২ | ৫৪৩ | |

এ ছাড়াও এপ্রিল-জুন ২০২৫ প্রান্তিকে দিশার ০৭ জন কর্মকর্তা অন্যান্য সংস্থা কর্তৃক আয়োজিত বিভিন্ন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন।

| নাম | পদবী | কোর্সের শিরোনাম | সময়কাল | আয়োজক সংস্থা |
|---|---|---|---|---|
| খোন্দকার রাকিবুজ্জামান | ম্যানেজার (রিসোর্স মবিলাইজেশন এন্ড প্রজেক্ট ইমপ্লিমেন্টশন) | "Management of Social Welfare Organizations and Skill Development of Employees" | ২০-২৪ এপ্রিল ২০২৫ | BNSWC, Dhaka |
| সাবিকুন্নাহার | সহকারি ট্রেইনিং অফিসার দিশা প্রশিক্ষণ কেন্দ্র (ডিটিসি) | "Management of Social Welfare Organizations and Skill Development of Employees" | ২০-২৪ এপ্রিল ২০২৫ | BNSWC, Dhaka |
| মো. মাজম আলী | শাখা ব্যবস্থাপক মাইক্রোফাইন্যান্স (বুড়িচং শাখা) | "ME & SME Employees Development" | ২২-২৪ এপ্রিল ২০২৫ | CDF, Dhaka |
| খোন্দকার রাকিবুজ্জামান | ম্যানেজার (রিসোর্স মবিলাইজেশন এন্ড প্রজেক্ট ইমপ্লিমেন্টশন) | "Development Project Planning and Management" | ৪-৮ মে ২০২৫ | BARD, Cumilla |
| তাহমিনা আক্তার | সিনিয়র প্রোগ্রাম অফিসার | "Development Project Planning and Management" | ৪-৮ মে ২০২৫ | BNSWC, Dhaka |
| মো. মাসিউর হোসেন | গবেষণা কর্মকর্তা | "Development Project Planning and Management" | ৪-৮ মে ২০২৫ | BARD, Cumilla |
| সাবিকুন্নাহার | সহকারি প্রশাসনিক কর্মকর্তা | "Preparation of Reports and Write-Ups" | ২২-২৬ জুন ২০২৫ | BSTD, Dhaka |

## ক্যারিয়ার : মন বসে না নতুন অফিসে ~




প্রথমে মিতার সমস্যাটা শুনি। একটি বেসরকারি ব্যাংকে টানা পাঁচ বছর কাজ করার পর কিছুদিন আগে যোগ দিলেন নতুন আরেকটি ব্যাংকে। নতুন সহকর্মী, পরিবেশও। তাই মানিয়ে নেওয়ার চিন্তা। এবার আসি রীতার কথায়। ছাত্র জীবন শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই একটা বহুজাতিক কোম্পানীতে যোগ দিলেন।এটাই প্রথম চাকরি, কর্মজীবনেরও শুরু। দুজনেরই কিন্তু নতুন অফিস। মানিয়ে নেওয়ার প্রশ্নটি তাই আসছে। এছাড়া অন্য ডিপার্টমেন্ট বা অফিসে বদলি হয়েও যেতে হচ্ছে অনেককে। চাকরি বা অফিস যা-ই নতুন হোক মানিয়ে নেওয়ার বিষয়টি থাকছেই। এ নিয়ে লিখেছেন মেহেদী উল্লাহ

### কী করবেন

- যোগদানের প্রথম দুই-তিন মাস অফিস সময়ের ১৫-২০ মিনিট আগে যান। অফিস শেষে ১৫-২০ মিনিট বেশী থাকুন। পরিবেশের সঙ্গে মানিয়ে নেওয়ার চেষ্টা করুন।
- সহকর্মীদের পর্যবেক্ষন করুন। তাঁদের আচার-আচরণ, কথাবার্তা, পোশাক-আশাক দেখলেই তাঁদের এবং অফিসের পরিবেশ সম্পর্কে ধারনা পেয়ে যাবেন।
- সমবয়সী ও সমমনা সহকর্মী নাও পেতে পারেন। এ ক্ষেত্রে বড়দের সঙ্গেও বন্ধুত্ব হতে পারে। সহকর্মী প্রত্যেকের রুচি ও ব্যক্তিত্ব বুঝে আচরণ করুন। সমমনা হতে হবে এমন কথা নেই।
- প্রথম পরিচয়ের পর থেকেই দেখলে হাসিমুখে কথা বলুন। সুসম্পর্ক রাখুন। কারো আচরণ পছন্দ না হলে অন্যের কাছে না বলে চুপ থাকুন।
- কেউ কিছু জানতে চাইলে হুটহাট উত্তর না দিয়ে ভেবে উত্তর দিন।
- আড্ডায় বসে ব্যক্তির রুচি ও আগ্রহের জায়গা বুঝে আলোচনা করুন।
- কথা কম বলে বেশী শোনার চেষ্টা করুন। সহকর্মীর কথাবার্তা থেকে অফিস বিষয়ে কিছুটা হলেও ধারনা পাবেন।
- প্রথম চাকুরিতে সমস্যা বেশি। কারণ ছাত্র জীবনের চেনা পরিবেশ অফিসে পাবেন না। সহপাঠী আর সহকর্মী এক জিনিস নয়। এখানে সবাই পেশাদার। আবেগের চেয়ে যুক্তি দিয়েই চলতে পছন্দ করেন। সম্পর্ক ও বেশির ভাগ কৃত্রিম। সেক্ষেত্রে আপনিও নিজেকে গড়ে নিন।
- শিক্ষাজীবনের চালাফেরা কর্মজীবনে এসে হোঁচট খায়। এখানে নিয়ন্ত্রিত ও শৃংঙ্খলাপূর্ণ আচরণে অভ্যস্ত হতে শিখুন।
- অফিস বসার জায়গাটুকু সুন্দর করে সাজাতে পারেন। পছন্দের কোটেশন, পোস্টার বা স্টিকার সাঁটাতে পারেন। নিজের মত করে কাজের পরিবেশ তৈরী করুন।

### কী করবেন না

- জনে জনে গিয়ে পরিচিত হওয়ার দরকার নেই। তবে কর্তৃপক্ষ যদি পরিচয়পর্বের আয়োজন করে তাহলে সহজ ও অল্প কথায় নিজেকে উপস্থাপন করুন।
- যে কয়জন সহকর্মীর সঙ্গে সরাসরি কাজের সর্ম্পক থাকবে শুরুতে, তাঁদের সঙ্গে সুসর্ম্পক তৈরি করুন। কিছু না জানলে বা না চিনলে তাঁদের সাহায্যে নিন। তবে তা যেন বিরক্তির কারণ না হয়।
- কেউ আপনার সঙ্গে কথা না বলার অর্থ এই নয় যে আপনাকে গ্রহণ করছেন না। বরং এমনও হতে পারে, আপনাকে বোঝার জন্য সময় নিচ্ছেন। এতে মন খারাপ করার কিছু নেই।
- খুব ব্যক্তিগত ও অফিস সমস্যার প্রসঙ্গে জড়াবেন না।
- এমনও হতে পারে, আপনি সবার মত মিশুক নন। সে ক্ষেত্রে কেউ বেশি মিশতে এলে দূরত্ব তৈরী না করে ধীরে সুস্থে নিজেকে জানান দিন।
- অফিসের নতুন লোক বলে সবার চোখ থাকবে আপনার দিকে। তাই কৌশলে চলুন। নিজেকে জাহির করতে যাবেন না। আত্মপ্রচারণা থেকে বিরত রাখুন।
- সহকর্মীদের মধ্যে অভ্যন্তরীণ দলাদলি থাকতে পারে। এ ঝামেলায় নিজেকে জড়াবেন না।

ইন্টারনেট থেকে: গৌতম বিশ্বাস।

# আলোঘর কার্যক্রম

**১) আলোঘর লাইব্রেরি:** আলোঘর লাইব্রেরি হলো দিশা'র সর্বাধিক জনপ্রিয় সামাজিক সেবা কার্যক্রম। আলোঘর লাইব্রেরির মাধ্যমে সমাজের বঞ্চিত শিশুসহ সকল ছাত্র-ছাত্রী ও জনসাধারণ বই পড়ার সুযোগ পায়। বর্তমানে আলোঘর পল্লবী ও আলোঘর চান্দিনার কার্যক্রম খোলা রয়েছে।

**২) কৃষি ও পরিবেশ উন্নয়ন প্রকল্প (আলোঘর নার্সারি)** ঃ আলোঘর নার্সারির কার্যক্রম চলমান রয়েছে। ২০২৫ সালে নতুন করে ৫০ হাজার অকলম চারা উৎপাদন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ।

**৩) দিশা আলোঘর শিক্ষাবৃত্তি :** দাতাদের নিকট হতে শিক্ষাবৃত্তি সংগ্রহের প্রচেষ্টা জোরদার করা হয়েছে। ইতিমধ্যে ৪ জন শিক্ষার্থীকে যথাক্রমে ২০০০/- ও ৩০০০/- টাকা করে মাসিক ১১০০০/- টাকা শিক্ষাবৃত্তি প্রদান করা হচ্ছে।

**৪) এমআরএ এমএফআই উচ্চশিক্ষাবৃত্তি :** অক্টোবর-২০২১ থেকে জুন-২০২৫ পর্যন্ত সর্বমোট ৩৫ জনকে ৩৭,৪৩,০০০/- প্রদান করা হয়। বর্তমানে ২৬ জনকে প্রতি মাসে ১ লক্ষ ১৬ (হাজার) টাকা প্রদান করা হচ্ছে।

**৫) আলোঘর প্রকাশনা কার্যক্রম:** আলোঘর প্রকাশনা "প্রতিদিন বইমেলা প্রতিজনে একটি বই" এই শ্লোগানে ২০১৭ সাল থেকে স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে ভ্রাম্যমাণ বইমেলার আয়োজন করে আসছে। বিভিন্ন জেলার শিক্ষা প্রতিষ্ঠানে বই মেলা কার্যক্রম করা হচ্ছে। জোন-১ ঢাকা, জোন-২ ময়মনসিংহ, জোন-৩ খুলনা, জোন-৪ কুমিল্লা, জোন-৫ রাজশাহী, জোন-৬ রংপুর ও জোন-৭ বরিশাল।



*আলোঘর লাইব্রেরি, বর্ধিত পল্লবী, মিরপুর-১১.৫, ঢাকা।*

## আলোঘর প্রকাশনার ভ্রাম্যমাণ বইমেলা



হোপ ইন্টারন্যাশনাল স্কুল, মিরপুর, ঢাকা ।

*আলোঘর নার্সারি*





## আলোঘর প্রকাশনার নতুন বই

আলোঘর প্রকাশনা

২৫%
একত্রে ৫টি বই কিনলে
কুরিয়ার চার্জ ফ্রি




মূল্য: ৩৫০ টাকা।




মূল্য : ৫০০





মূল্য: ৪০০ টাকা।




মূল্য: ২০০ টাকা



মূল্য: ১৬০ টাকা




মূল্য: ৩২০ টাকা





মূল্য: ১৮০ টাকা।





মূল্য: ১৩০ টাকা




মূল্য: ১২০ টাকা।




মূল্য: ৩০০ টাকা




মূল্য: ২৫০ টাকা।

### যোগাযোগ

ই/৭, বর্ধিত পল্লবী, মিরপুর-১১.৫, ঢাকা
মোবাইল :০১৭৬১-৪৯২৫৬৪

কনকর্ড টাওয়ার, কাঁটাবন বেসমেন্ট, ঢাকা
মোবাইল : ০১৭০৯-৩৮৯০৭৪

খান মঞ্জিল, হাউজ-১১৮৫
জিয়া সড়ক, নথুল্লাবাদ, বরিশাল।
মোবাইল: ০১৭০১-২৬১১০১

৪৬০, জাহানারা কুটির, ধর্মপুর,
পশ্চিম চৌমুহনী, আদর্শ সদর, কুমিল্লা
মোবাইল: ০১৭০১-২৬১১০৪

২২/১ গগণবাবু রোড
নতুন বাজার, খুলনা।
মোবাইল: ০১৭০১-২৬১১০৫

হাউজ ৬০, রোড-৩,
নিউ আদর্শপাড়া, রংপুর।
মোবাইল: ০১৭০১-২৬১১০০

১৯১, দাশপুকুর, রাজপাড়া
রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
মোবাইল: ০১৭০১-২৬১১০৬

৭৬/৮, বাঘমারা
ব্রাহ্মপল্লী রোড, ময়মনসিংহ
মোবাইল: ০১৭০১-২৬১০৯০

আলোঘরের বই কিনতে অনলাইনে ভিজিট করুন
www.rokomari.com/aloghar

aloprokashana@aloghar.org


DISA পরিচালিত একটি সামাজিক উদ্যোগ

DISA পরিচালিত একটি সামাজিক উদ্যোগ

মাতৃভূমি® মিষ্টি

বিশুদ্ধতায় ও বিশ্বস্ততায়




## SHOWROOM CONTACT

| | | |
|---|---|---|
| চান্দিনা, কুমিল্লা ০১৭৬১-৪৯২৫৫৪ | চান্দিনা-২, কুমিল্লা ০১৭০৮৪৪৯৮৫৯ | রেইসকোর্স, কুমিল্লা ০১৭৬১-৪৯২৫৬২ |
| ইপিজেড রোড, কুমিল্লা ০১৭০৮-৪৪৯৮০১ | দাউদকান্দি, কুমিল্লা ০১৭০৮-৪৪৯৮০৪ | বনশ্রী, ঢাকা ০১৭০৮-৪৪৯৮০০ |
| বরুড়া, কুমিল্লা ০১৭০৮-৪৪৯৮০২ | পল্লবী, মিরপুর ১১.৫, ঢাকা ০১৭৬১-৪৯২৫৬৩ | কচুয়া, চাঁদপুর ০১৭০৮-৪৪৯৮৭৩ |
| লাকসাম, কুমিল্লা ০১৭০৮-৪৪৯৮৭২ | :MatribhumiDairy \| :www.mdflbd.com | |

অতিথি আপ্যায়ন, বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন, পারিবারিক, সামাজিক ও কর্পোরেট অনুষ্ঠানে মিষ্টি, দুধ ও বেকারি পণ্য আকর্ষণীয় প্যাকেটে সরবরাহ করা হয়।

যোগাযোগ করুন
০১৭০৮ ৪৪৯৯৪৮
০১৭৬১ ৪৯২৫৫১



# দিশা ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (ডিআইএসটি)

## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক নিবন্ধিত, কোড-৫০৮২৭

মাদবর টাওয়ার, প্লট-১১, এভিনিউ - ২, ব্লক - সি, মিরপুর - ১২, ঢাকা - ১২১৬।
■ ভর্তিসংক্রান্ত যোগাযোগ : ০১৭০৮-৪৪৯৯৫০
অধ্যক্ষ : ০১৭০৮-৪৪৯৮৬৭, উপাধ্যক্ষ : ০১৭০৯-৩৮৯০৯৫
ই-মেইল : dist@disabd.org

DISA পরিচালিত একটি সামাজিক উদ্যোগ


ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেনেন্স


রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং


মেকানিক্যাল ফিটিং


কম্পিউটার অপারেটিং


কনজুমার ইলেকট্রনিক্স


প্লাম্বিং


মোটরসাইকেল সার্ভিসিং


সুইং মেশিন অপারেশন

মাতৃভূমি ফ্যাশন












মিরপুর-১২
নুর ইসলাম মোল্লা এভিনিউ-৫, সুজাত নগর,
পল্লবী, মিরপুর-১২ (রাইজ ও মিনিসোর বিল্ডিং, নিচ তলা)
+৮৮০ ১৭০৮ ৪৪৯৮৫৭

ফ্যাক্টরী আউটলেট
মাদবর টাওয়ার, প্লট-১১ এভিনিউ-২, ব্লক-সি,
মিরপুর-১২
+৮৮০ ১৭০৯৩৮৯৩৮৩

DISA পরিচালিত একটি সামাজিক উদ্যোগ
f : Matribhumifashionbd
: matribhumifashion.com
Hotline : ০১৭৬১৪৯২৫৫৭

দিশাবার্তা

সম্পাদক : মো. সহিদ উল্লাহ
নির্বাহী সম্পাদক : গৌতম বিশ্বাস

সদস্য : রোকনুজ্জামান খান
তাহমিনা আক্তার
রিফাত আহমেদ

ডেভেলাপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশাল এডভান্সমেন্ট (দিশা)
ঠিকানা : ই/১০, বর্ধিত পল্লবী, মিরপুর-১১½, ঢাকা-১২১৬, বাংলাদেশ।
ফোন : +৮৮ ০২ ৫৮০৫২৪১০
মোবাইল : +৮৮০ ১৭৩৩২১৯৯০০
ই-মেইল : info@disabd.org
www.disabd.org